চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
www.ccc.gov.bd

# চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা. শাহাদাত হোসেন<br>মেয়র<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| তারিখ | : | ২৫ মার্চ ২০২৫খ্রি. |
| সময় | : | বেলা ১২ ঘটিকা |
| স্থান | : | চট্টগ্রাম সিটি কর্পোরেশন সম্মেলন কক্ষ |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির অনুমতিক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ও সভার সদস্য সচিব সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনা তথা নাগরিকসেবাসহ উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিচালনার জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত বৃহত্তর এ কমিটির পূর্বে তিনটি সভা হয়েছে । মেয়র মহোদয়ের একান্ত আগ্রহে আসন্ন পবিত্র ঈদুল ফিতর পূর্ববর্তী আজকের এ সভা আহ্বান করা হয়েছে।

সভার শুরুতে সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জব পোর্টাল ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পরিবর্তিত নতুন লোগোর উদ্বোধন করেন। জব পোর্টালটি হলো www.jobccc.gov.bd । এই পোর্টালের মাধ্যমে চাকরি প্রত্যাশি আবেদনকারীদের ভোগান্তি কমবে বলে সভাপতি আশা প্রকাশ করেন। ফলে ম্যানুয়াল পদ্ধতিতে আর আবেদন করা লাগবে না। আবেদনকারী ঘরে বসেই মোবাইলের মাধ্যমে নিজের আবেদন ও পেমেন্ট করতে পারবে। কোন ব্যাংক বা কারো কাছে যাওয়ার প্রয়োজন হবে না। এসএমএস এর মাধ্যমে নোটিফিকেশন ও পরীক্ষার শিট কোথায় তার রেজাল্ট কি তাও দেখতে পারবেন। তিনি নগরবাসীর অভাব অভিযোগ জানতে **'আমার নগরী'** নামে একটি অ্যাপস চালু করা হবে বলেও সভায় জানান। এসময় সভাপতি বলেন, জনগণের সেবা নিশ্চিত করা আমাদের মূখ্য উদ্দেশ্য। জনগণ সেবা প্রাপ্তির ক্ষেত্রে যাতে কোন ধরণের ভোগান্তির শিকার না হন সে ব্যাপারে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সকল কর্মকর্তা-কর্মচারীকে সচেষ্ট থাকতে হবে।

চট্টগ্রাম নগরীর জলাবদ্ধতাকে সহনীয় পর্যায়ে রাখতে প্রধান উপদেষ্টা ২০২৫ সালের মে-জুনের মধ্যে নগরীর খাল-নালাগুলো পরিস্কারের ব্যবস্থা করার নির্দেশনা দিয়েছেন। এ জলাবদ্ধতা নিরসন কাজের লক্ষ্যে স্বল্প সময়ের জন্য দুই (০২) জন পরামর্শক নিয়োগের বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। যাদের নিয়োগ করা হবে তাঁরা অত্যন্ত দক্ষ, তাঁদের অষ্ট্রেলিয়া কাতারসহ বিশ্বের বিভিন্ন জায়গায় জলাবদ্ধতা সমস্যা নিরসন নিয়ে কাজের অভিজ্ঞতা রয়েছে।

সভাপতি চট্টগ্রাম নগরীকে কিভাবে ক্যাবল অপারেটর ও ইন্টারনেট অপারেটরের তারের জঞ্জাল থেকে মুক্ত করা যায় সে ব্যাপারে সভায় উপস্থিত সদস্যদের কাছে পরামর্শ চান। যাতে সহসা নগরী থেকে তারের জঞ্জাল অপসারণ করা যায়।

তিনি বলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনে আমরা অটোমেশন সিস্টেমের মধ্য দিয়ে কাজ করে যাচ্ছি। আমরা আমাদের যে হোল্ডিং ট্যাক্সগুলো আছে সেগুলো আমরা ইতোমধ্যে অটোমেশন সিস্টেমে নেয়া শুরু করেছি ।

Scanned with CamScanner

আমার চট্টগ্রাম অথবা আমার নগরী নামে একটি অ্যাপস আমরা সহসা চালু করবো। এতে সিটি কর্পোরেশনের ১০টি বিভাগের সেবা প্রদান করা সহজ হবে। কোন জায়গায় ময়লা আছে সেটা যে কেউ ছবি তুলে পাঠালে যতক্ষণ পর্যন্ত উক্ত ময়লা পরিষ্কার না হবে ততক্ষণ সেখানে একটি রেড এলার্ট জারি থাকবে। যখন ময়লা পরিষ্কার হবে সেটা আপনা-আপনি চলে যাবে। এমনকি নালা অপরিষ্কার থাকলে, রাস্তাঘাটে গর্ত থাকলে বা রাস্তাঘাটের অবস্থা খুব খারাপ হলে সেই রাস্তাঘাটের ছবিটাও উঠিয়ে পাঠিয়ে দেয়া যাবে। তাছাড়া নগরীর কোন এলাকায় লাইট জ্বলছে না সেই এলাকার সড়ক বাতির সবকিছুই এর মাধ্যমে জানানো যাবে। এমনকি চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কোন স্কুল যদি খারাপ অবস্থায় থাকে অর্থাৎ শিক্ষকগণ বিলম্বে শ্রেনিতে উপস্থিত হন অথবা বিনা অনুমতিতে অনুপস্থিত থাকেন, স্বাস্থ্যের ব্যাপারে স্বাস্থ্য প্রতিষ্ঠানে কোন সমস্যা আছে কিনা, কোন রোগী সেবা পাচ্ছে না অথবা রোগীর থেকে বেশি চার্জ আদায় করা হচ্ছে এমন অভিযোগসমূহের সুরাহা বা সমাধানের লক্ষ্যে অ্যাপসটি আমরা চালু করতে যাচ্ছি। এটা ইতোমধ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন চালু করেছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনে এ বিষয়ে কথা হয়েছে। শিঘ্রই তা আমরা চালু করতে যাচ্ছি।

সভাপতি নগরীর যানজট নিরসনের লক্ষ্যে ম্যানুয়াল পদ্ধতিতে বাস টিকেট বিক্রি ও কর্ণফুলী ব্রিজের কাছে মিনি বাস টার্মিনাল, পাহাড়তলী গরুর হাট এবংকুলগাঁওয়ের কাছে বাস টার্মিনাল নির্মাণের পরিকল্পনার কথা সভাকে অবহিত করেন।

সভাপতি এ বিষয়ে সব প্রতিষ্ঠানের সদস্যদের আন্তরিক সহযোগিতার অনুরোধ জানান।

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জলাবদ্ধতা নিরসন কার্যক্রমের অগ্রগতি: | সভাপতি নগরীর জলাবদ্ধতা নিরসনে প্রধান উপদেষ্টার নির্দেশনামতে সব সংস্থাকে একযোগে কাজ করার পরামর্শ দেন। সভায় মেয়র মহোদয়ের নির্দেশক্রমে বর্ষার আগে যত ধরনের পরিস্কার পরিচ্ছন্নতা ও খাল খনন কার্যক্রম আছে তা গত দেড় মাস আগে শুরু করা হয়েছে বলে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সভাকে অবহিত করেন। তিনি বর্ষার পূর্বে এই কাজ শেষ হবে বলে সভায় আশা প্রকাশ করেন। এসময় বাকলিয়া ও বহদ্দারহাট এলাকায় একটু সমস্যা আছে বলেও তিনি উল্লেখ করেন।<br>সভায় বাড়ইপাড়া খাল সংলগ্ন নির্মাণাধীন ব্রিজের কাজ শেষ হওয়ার বিলম্বের বিষয়ে সড়ক ও জনপথের | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নগরীর গুরুত্বপূর্ণ কয়েকটি খাল খননের পাশাপাশি কিছু নালা বিশেষত এলাকাভিত্তিক প্রায় ৪১ টি নালা আগামী এক মাসের মধ্যে পরিষ্কারের সিদ্ধান্ত নেয়া হয়।<br>বাড়ইপাড়া খালের জায়গা অধিগ্রহন ও প্রকৌশলগত কাজের প্রক্রিয়ায় জটিলতা দূরীকরণের কারণে নির্মাণাধীন ব্রিজের কাজ সম্পন্ন করতে বিলম্ব হচ্ছে বলে কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মো. ফরহাদুল আলম সভায় জানান।<br>তিনি চলতি বছরের (২০২৫) ডিসেম্বরে এই ব্রিজের কাজ শেষ হবে বলে উল্লেখ করলে মাননীয় মেয়র বলেন, এর আগেই সড়ক ও জনপথের সংশ্লিষ্ট প্রকৌশলীকে নিয়ে উক্ত প্রকল্পের সাইট সরেজমিনে পরিদর্শন ও সমস্যা | ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২. প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকৌশলী সভায় মেয়রের দৃষ্টিগোচর করেন। | চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে প্রকৌশলীকে নির্দেশ দেন। উক্ত প্রকল্পের কাজ দ্রুততার সাথে তরান্বিত করতে সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলীকে তদারকি করতে বলেন। এসময় তিনি বির্জা খালের সাথে সংযুক্ত কাজও দ্রুত শেষ করতে বলেন। | |
| ২ | জলাবদ্ধতা নিরসন কাজে সহায়তার জন্য পরামর্শক নিয়োগ : | জলাবদ্ধতা নিরসনের কাজ পরিকল্পিত পদ্ধতিতে সম্পন্ন করার লক্ষ্যে মাননীয় মেয়র দুই (০২) জন পরামর্শক নিয়োগের পরিকল্পনার বিষয়ে সভাকে অবহিত করেন। যাদের পরামর্শক নিয়োগরে জন্য বিবেচনা করা হয়েছে তাদের অস্ট্রেলিয়া ও কাতারসহ বিশ্বের বিভিন্ন জায়গায় জলাবদ্ধতা নিরসনের কাজে অভিজ্ঞতা আছে। | স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.২০-২৪৯ তারিখঃ ২৩ মার্চ ২০২৫ মূলে ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থের অনুমোদিত বিভাজন অনুযায়ী 'বিশেষ উপখাত' (অর্থনৈতিক কোড-৪১১১৩১৭) হতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা নিরসন এর লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুকূলে এককালীন ৫.০০ (পাঁচ কোটি) টাকা অবমুক্তিতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হয়েছে।<br>এরই প্রেক্ষিতে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ২৫(ক) (২) এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৭৫(১) ধারা মোতাবেক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে গঠিত কমিটির উপস্থিত সদস্যগণ সভায় একমত প্রকাশ করায় জনাব আব্দুল্লাহ আল | ১. মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>২. প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | মামুন ও জনাব শাহরিয়ার খালেদ-কে জলাবদ্ধতা নিরসনের লক্ষ্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুকূলে মঞ্জুরীকৃত এককালীন বরাদ্দ হতে মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) সম্মানী হিসেবে উভয়কে জলাবদ্ধতা নিরসন কার্যক্রমের জন্য পরামর্শক হিসেবে নিয়োগদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩ | বাস টার্মিনাল নির্মাণ: | নগরীর যানজট নিরসনের লক্ষ্যে মূল শহর থেকে দূরে সরকারি খাস বা পতিত জমিতে বাস টার্মিনাল নির্মাণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি এ ব্যাপারে তাঁর পরিকল্পনা ও আগ্রহের কথা জানান। এসময় সভায় উপস্থিত সকলে ব্যাটারিচালিত রিকশা নিয়ন্ত্রণের বিষয়ে মূল সড়কে এই যান চলাচলে বাঁধা দিতে মেয়রের হস্তক্ষেপ কামনা করেন।<br>এসময় যানজট নিরসনে হাইওয়ে পুলিশকে আরো তৎপর, সড়ক দুর্ঘটনা রোধ করে নগরবাসীর নির্বিঘ্ন চলাচলের সুবিধার্থে নগরীর লালখান বাজার মোড়ে ফুটওভার ব্রিজ নির্মাণের বিষয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী উত্থাপন করলে তা নিয়ে আলোচনা হয়। | সভাপতি নগরীর যানজট নিরসনে কর্ণফুলী ব্রিজ সংলগ্ন সরকারি খাস বা পরিত্যক্ত জায়গা ও পাহাড়তলী গরু বাজারের কাছে ও কুলগাঁও ওয়ার্ডে বাস টার্মিনাল নির্মাণে সরকারি পরিত্যক্ত জায়গা পাওয়া যায় কিনা খুঁজে দেখছেন বলে জানান।<br>তিনি কোনভাবেই ব্যাটারিচালিত রিকশা নগরীর মূল সড়কে চলতে দেয়া হবে না বরং শৃঙ্খলার মধ্যে নগরীর উপ-সড়কগুলোতে চলাচল করতে পারবে বলে উল্লেখ করেন।<br>হাইওয়ে পুলিশের তৎপরতা বাড়াতে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (উত্তর) এর মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত হয়।<br>লালখান বাজার মোড়ে ফুটওভার ব্রিজ নির্মাণ, নতুন নির্মানাধীণ এলিভেটেড এক্সপ্রেসওয়ের বাজেটের সাথে সমন্বয় করে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) নির্মাণ করবে বলে সিদ্ধান্ত হয়। | প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| ৪ | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নতুন জব পোর্টালের উদ্বোধন : | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নতুন জব পোর্টালের বিষয়ে সভায় অত্র সিটি কর্পোরেশনের সচিব বিস্তারিত আলোচনা করেন। | আলোচনান্তে নতুন জব পোর্টাল চালুর কারণে ম্যানুয়াল পদ্ধতিতে আর আবেদন করা লাগবে না বলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব উল্লেখ করেন। এতে চাকরি | প্রোগ্রামার, সচিবালয় বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |

Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | এ জব পোর্টালের মাধ্যমে নগরবাসী তথা চাকরি প্রার্থীদের আবেদনের ভোগান্তি কমবে বলে উল্লেখ করা হয়। জব পোর্টালটি হলো - www.jobccc.gov.bd | প্রত্যাশী আবেদনকারীরা ঘরে বসেই মোবাইলের মাধ্যমে নিজের আবেদন ও পেমেন্ট করতে পারবে। কোন ব্যাংক বা কারো কাছে যাওয়ার প্রয়োজন হবে না। এসএমএস এর মাধ্যমে নোটিফিকেশন ও পরীক্ষার শিট কোথায় তার রেজাল্ট কি তাও দেখতে পারবেন।<br>পরে সভাপতি এই জব পোর্টালের শুভ উদ্বোধন করেন। | |
| ৫ | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নতুন লোগোর উদ্বোধন: | সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের লোগো'র পরিবর্তনের বিষয়ে আলোচনা হলে সভাপতি বলেন, কর্পোরেশনের লোগোটি বিশেষ একটি দলের পরিচয় বহন করে বলে সভাকে অবহিত করেন। এজন্য কর্পোরেশনের লোগোতে বাংলাদেশের জাতীয় ফুলের প্রতিক 'শাপলা'র ছবি সংযুক্ত করা হয়েছে বলে সভায় উল্লেখ করেন। | আলোচনান্তে সভায় উপস্থিত সকলের সম্মতিতে পরিবর্তিত নতুন লোগোর উদ্বোধন করেন সভাপতি। | প্রোগ্রামার, সচিবালয় বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| ৬. | চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ছাফা মোতালেব সিটি কর্পোরেশন কলেজে অস্থায়ীভাবে কর্মরত শিক্ষক ও কর্মচারীদের বেতন বর্ধিতকরণ প্রসঙ্গে: | চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ছাফা মোতালেব সিটি কর্পোরেশন কলেজে অস্থায়ীভাবে কর্মরত শিক্ষক ও কর্মচারীদের বেতন বর্ধিতকরণের বিষয়ে উক্ত কলেজের (ভারপ্রাপ্ত) অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে এই বিষয়ে আলোচনা হয়। | আলোচনান্তে ছাফা মোতালেব সিটি কর্পোরেশন কলেজে অস্থায়ীভাবে কর্মরত শিক্ষক ও কর্মচারীদের বেতন শিক্ষকদের বর্তমান প্রাপ্ত মাসিক বেতনের সাথে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা এবং কর্মচারীদের প্রাপ্ত মাসিক বেতনের সাথে ৩০০০/- (তিন হাজার) টাকা বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রধান শিক্ষা কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |

পরিশেষে সভাপতি চট্টগ্রাম নগরীর উন্নয়নে সকলের সহযোগিতা কামনা ও সকলকে পবিত্র ঈদুল ফিতরের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Scanned with CamScanner

(ডা. শাহাদাত হোসেন)
সভাপতি
ও
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং: ৪৬.১১.১৬০০.০০১.০৬.০০০.২৫ . ৮৮৩ তারিখ: ২২/০৫/২০২৫

বিতরণঃ (ক্রমানুসারে নয় জ্যেষ্ঠতার)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সদস্য অতিরিক্ত যুগ্মকমিশনার/, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত )- সদস্য
৩। উপ-ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম পানি সরবরাহও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত)- সদস্য
৪। সদস্য, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)- সদস্য
৫। সদস্য, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) - সদস্য
৬। অতিরিক্ত জেলা প্রশাসক উপপরিচালক/স্থানীয় সরকার, চট্টগ্রাম জেলা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)- সদস্য
৭। মহ্যব্যবস্থাপক, বাংলাদেশ টেলি-কমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড ( বিটিসিএল)- সদস্য
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর- সদস্য
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর- সদস্য
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- সদস্য
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর- সদস্য
১২। পরিচালক,স্বাস্থ্য, চট্টগ্রাম বিভাগ- সদস্য
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড- সদস্য
১৪। তত্ত্বাবধায়ক প্রওকৌশলী/ নির্বাহী প্রকৌশলী/, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ- সদস্য
১৫। প্রতিনিধি , ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স- সদস্য
১৬। প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তর -সদস্য
১৭। প্রতিনিধি,বন অধিদপ্তর-সদস্য
১৮। প্রতিনিধি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ(বিআইডব্লিউটিএ)পরিবহন কর্তৃপক্ষ-- সদস্য
১৯। উপ-পরিচালক,প্রাথমিক শিক্ষা-সদস্য
২০। উপ-পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা- সদস্য

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
২। বিভাগীয় প্রধান (সকল)..........বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৩। আইন কর্মকর্তা/এক্সিকিউটিভ/ স্পেশাল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)............অঞ্চল
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক/বিদ্যুৎ), প্রকৌশল বিভাগ

Scanned with CamScanner

জনসংযোগ কর্মকর্তা, সচিবালয় বিভাগ
৭। প্রোগ্রামার, সচিবালয় বিভাগ
৮। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী
৯। নাজির, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
১০। জনাব ............................................................, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
১১। অফিস কপি

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

Scanned with CamScanner